অনুপস্থিত
আফগানিস্তানের বিরুদ্ধে টি২০-তে নেই বিরাট
১০

সংবাদ প্রতিদিন

কেরিয়ার guide
সহজ পাঠ-এর অঙ্গনে
৬

sangbadpratidin.in
epratidin.in
২৫ পৌষ ১৪৩০
৪.০০ টাকা
উত্তরবঙ্গ সংস্করণ বৃহস্পতিবার | ১১ জানুয়ারি ২০২৪
পরিষ্কার আকাশ সর্বনিম্ন ১৬°/২৫° সর্বাধিক ১০ পাতা


## দুই বিচারপতির বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আবেদন জানালেন অভিষেক

# অভিজিৎ, অমৃতার ধাক্কা হাই কোর্টে

**স্টাফ রিপোর্টার:** আদালতেই এবার জোড়া ধাক্কার মুখোমুখি হলেন কলকাতা হাই কোর্টের দুই বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ও অমৃতা সিনহা। বিচারাধীন বিষয়ে আদালতের বাইরে মন্তব্য করা নিয়ে ফের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর আর্জি, বিচারপতি গঙ্গোপাধ্যায়ের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দিক শীর্ষ আদালত। আদালতের বাইরে বিচারপতি গঙ্গোপাধ্যায়কে এমন মন্তব্য করা থেকে বিরত থাকার নির্দেশ দেওয়ার আবেদনও জানিয়েছেন তিনি। একইসঙ্গে ডায়মন্ডহারবারের সাংসদের তরফে নিয়োগ সংক্রান্ত বিচারাধীন দুটি মামলা বিচারপতি সিনহার এজলাস থেকে সরানোর আর্জিও জানানো হয়েছে। তবে শুধু অভিষেকই নন, দু-দুটি মামলায় তাঁদের জারি করা নির্দেশ নিয়ে বুধবার হাই কোর্টের ডিভিশন বেঞ্চও বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ও অমৃতা সিনহাকে নিশানা করেছে। একদিকে, প্রাথমিকে নিয়োগের ২০১৬ সালের প্যানেল প্রকাশ করতে বিচারপতি গঙ্গোপাধ্যায়ের নির্দেশ খারিজ করে তা পুনর্বিবেচনার জন্য সিঙ্গল বেঞ্চেই পাঠিয়ে দিয়েছে বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ। অন্যদিকে, নিয়োগ মামলায় বিচারাধীন ধৃত সুজয়কৃষ্ণ ভদ্রর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করা নিয়ে বিচারপতি সিনহার নির্দেশ জারি করার পদ্ধতি নিয়েও প্রশ্ন তুলেছে একই ডিভিশন বেঞ্চ। কণ্ঠস্বরের নমুনা সংক্রান্ত নির্দেশ প্রসঙ্গে ডিভিশন বেঞ্চের বিচারপতি সৌমেন সেনের রীতিমতো তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ, ‘‘বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে যখন এই একই বিষয়বস্তু নিয়ে মামলা বিচারাধীন, তখন বিচারপতি অমৃতা সিনহার এই নির্দেশ সঠিক নয়। এটা মারাত্মক প্রবণতা। এটা বিচারবিভাগীয় পরিকাঠামোর ক্ষেত্রে এবং বিচারবিভাগীয় আচরণবিধির ক্ষেত্রে সঠিক উদাহরণ নয়।’’ তবে অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ নিয়ে বিচারপতি অমৃতা সিনহার জারি করা নির্দেশে অবশ্য কোনওরকম হস্তক্ষেপ করেনি বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ। যাঁর এজলাসে বিষয়টি বিচারাধীন ছিল, সেই বিচারপতি তীর্থঙ্কর ঘোষই সুজয়কৃষ্ণ ভদ্রর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ ও পরবর্তী প্রক্রিয়া নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন বলে এদিন ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয়।

প্রসঙ্গত, বিচারাধীন শিক্ষক নিয়োগ মামলা নিয়ে এর আগে একটি বেসরকারি সংবাদ চ্যানেলে সাক্ষাৎকারে মন্তব্য করায় বিচারপতি অবিজিৎ গঙ্গোপাধ্যায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন অভিষেক। তারই প্রেক্ষিতে শীর্ষ আদালতের প্রধান বিচারপতির নির্দেশে নিয়োগ সংক্রান্ত সংশ্লিষ্ট মামলা বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে সরানো হয়। এজলাস বদলের পর সেই মামলাই এখন বিচারপতি সিনহার এজলাসে বিচারাধীন।

নয়ের পাতায়

বিচারপতি সৌমেন সেন

## ‘গণতন্ত্র আছে, বক্তব্য থাকলে নেতারা ভিতরে বলুন’

# পাশে অভিষেক, তৃণমূলে ভোট প্রস্তুতি শুরু মমতার

■ কালীঘাটের অফিসে মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে রাজ্য সভাপতি সুব্রত বক্সি ও সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

**স্টাফ রিপোর্টার :** দলীয় বৈঠকে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে পাশে নিয়ে বিজেপির বিরুদ্ধে লোকসভা ভোটে ঐক্যবদ্ধ লড়াইয়ের ডাক দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। আস্থা রাখলেন অভিষেকের লড়াকু ভূমিকার প্রতি। বিভিন্ন দলীয় দায়িত্বের পাশাপাশি তৃণমূল সরকারের উন্নয়নের খতিয়ান নিয়ে একটি পুস্তিকা তৈরি করারও দায়িত্ব সর্বভারতীয় সাধারণ সম্পাদকের হাতে তুলে দিলেন তিনি। পাশাপাশি তৃণমূলনেত্রী জানিয়ে দিলেন, দলে গণতন্ত্র আছে। কারও কোনও বক্তব্য থাকলে দলের ভিতরে বলুন। সবাই কথা বলবেন না। মুখপাত্ররাই বলবেন। জেলাস্তরে একাধিক মুখপাত্র থাকবে এবার থেকে। রাজ্যস্তরে কারা মুখপাত্রের কাজ করবেন সেই তালিকা নতুন করে দলের সভাপতি সুব্রত বক্সি ও অভিষেককে তৈরির করার নির্দেশ দিয়েছেন মমতা। সম্প্রতি নবীন-প্রবীণ দ্বন্দ্বের মধ্যে যেভাবে সোশাল মিডিয়ায় নানারকম পোস্ট করা হয়েছিল, তাতে যে দলনেত্রী ক্ষুব্ধ সেটাই স্পষ্ট হয়ে গিয়েছে এদিন।

কালীঘাটের অফিসে বুধবারের বৈঠকটি পশ্চিম মেদিনীপুরের শীর্ষ নেতৃত্বের সঙ্গে। ছিলেন বক্সি ও অভিষেক। প্রথমে বিজেপির বিরুদ্ধে কী কৌশল হবে তা ব্যাখ্যা করেন মমতা। পরে জেলা ও রাজ্যস্তরের ক্ষেত্রে সাংগঠনিক বার্তা। প্রথমে জেলা নেতাদের ঐক্যবদ্ধ থাকতে বলেন। কড়া ধমক খান কেউ কেউ। কিছু অদলবদলও করে দেন। তার পর রাজ্যস্তরে ঐক্যবদ্ধ থাকার বার্তা দেন তৃণমূলনেত্রী। যেহেতু নেত্রী বলবেন সেই জন্য অভিষেক প্রথমে কিছু বলতে চাইছিলেন না। কিন্তু একরকম জোর করেই তাঁকে বলতে বলেন মমতা। অভিষেক তাঁর নবজোয়ারের সাফল্যের প্রসঙ্গ তুলে স্পষ্টই বলেন, বলবেন দিদি। আর আমাদের ঐক্যবদ্ধ হয়ে সেই লড়াই লড়তে হবে। যেখানে আমাকে দিদি যেতে বলবেন আমি সেখানেই যাব। সেই সঙ্গেই বলেন, সংগঠনে এখন ঢিলেমি চলছে। এতে দলের ক্ষতি হবে। পঞ্চায়েত ভোটের আগে যে ঝাঁজ নিয়ে লড়াই হয়েছে, সেই ঝাঁজ নিয়ে নামতে হবে। আন্দোলন তীব্র করে তুলতে হবে। দলে দিদি যা বার্তা দেবেন সেটাই সবাইকে মানতে হবে। এর বাইরে আর কিছু করা যাবে না।

বৈঠকে এদিন একদিকে বিজেপি, আরেকদিকে সিপিএমকে একযোগে তোপ দেগেছেন মমতা। বলেছেন, বিজেপি আমাদের চোর বলছে। আর ওরা তো সব ডাকাত। ওদের ডাকাত বলুন। প্রচার করে বলুন ‘গলি গলি মে শোর হ্যায় বিজেপি চোর হ্যায়’। ওরা যে আমাদের টাকা দিচ্ছে না। সেটা প্রচার করুন। সদ্য ব্রিগেড করেছে সিপিএমের যুব সংগঠন। মমতার বক্তব্য, যারা কঙ্কালের নায়ক। তারা ব্রিগেড করে বড় বড় কথা বলবে।

নয়ের পাতায়

### বৈঠকে বার্তা

■ পশ্চিম মেদিনীপুর জেলার নেতৃত্বকে নিয়ে বৈঠকে রণকৌশল ব্যাখ্যা করলেন তৃণমূলনেত্রী।

■ রাজ্যের উন্নয়ন নিয়ে অভিষেককে পুস্তিকা তৈরির দায়িত্ব।

■ অভিষেক বললেন, নবজোয়ার সফল হয়েছিল। পঞ্চায়েত ভোটের পর যে ঢিলেমি এসেছে তা চলবে না। নেত্রী যা বলবেন, তা সবাইকে মেনে চলতে হবে।

## এক ঝলক

### আজ থেকে রাজ্যে কমবে তাপমাত্রা

■ কলকাতা : জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহতেও জাঁকিয়ে শীতের দেখা নেই রাজ্যে। তবে আজ, বৃহস্পতিবার থেকে রাজ্যজুড়েই সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে চার ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে পারে বলে বুধবার জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। পারদ পতনের সঙ্গে সঙ্গে কুয়াশার দাপটও থাকবে। উত্তরবঙ্গে বিভিন্ন জেলায় দু-এক পশলা বৃষ্টির সম্ভাবনাও রয়েছে।

### স্পিকারের রায়ে ধাক্কা উদ্ধবের

■ মুম্বই : মহারাষ্ট্র বিধানসভার স্পিকার বিজেপি বিধায়ক নারওয়েকর জানিয়ে দিলেন, মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের নেতৃত্বাধীন গোষ্ঠীই আসল শিবসেনা। দলত্যাগী শিবসেনা বিধায়কদের পদ খারিজ চেয়ে উদ্ধব ঠাকরে যে আবেদন করেছিলেন তা বুধবার বাতিল করে দেন স্পিকার। তিনি জানান, শিন্ডে-সহ ১৬ বিধায়কের বহিষ্কার চাওয়ার কোনও আইনি ক্ষমতাই নেই উদ্ধবের।

### খুনের আগে কি কাফ সিরাপ?

■ বেঙ্গালুরু : নিজের চার বছরের ছেলেকে কি খুনের আগে কাফ সিরাপ খাইয়েছিলেন বেঙ্গালুরুর স্টার্টআপের বাঙালি সিইও সূচনা শেঠ? পুলিশ গোয়ায় সূচনার সার্ভিস অ্যাপার্টমেন্ট থেকে দুটি কাফ সিরাপের খালি শিশি পেয়েছে। পুলিশের অনুমান খুনের আগে কাফ সিরাপ খাইয়ে ছেলেকে ঘুম পাড়িয়ে শ্বাসরোধ করেছেন সূচনা। ছেলেকে তিনি খুন করেননি বলে বুধবার দাবি করেন সূচনা। তিনি জানান, ঘুমের মধ্যেই শিশুটি মারা গিয়েছে।

■ ছুড়ে দেওয়া খাবারের টুকরো মুখে পোরার আগে। আজমেঢ়ে। —পিটিআই

### আলিগড় নিয়ে সুপ্রিম কোর্টে কেন্দ্র

■ নয়াদিল্লি : আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠান তকমা কাড়তে বুধবার সুপ্রিম কোর্টে হলফনামা দিল কেন্দ্র। হলফনামায় বলা হয়েছে, আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় জাতীয় গুরুত্বসম্পন্ন প্রতিষ্ঠান। ফলে এই বিশ্ববিদ্যালয়টি কোনও নির্দিষ্ট ধর্মীয় জনগোষ্ঠী বা সম্প্রদায়ের হতে পারে না। একে সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠান বলা যাবে না।

### ভুটানে ভোটে জয়ী ‘ভারত বন্ধু’ শেরিং

■ নয়াদিল্লি : ভুটানের জাতীয় আইনসভা ন্যাশনাল অ্যাসেম্বলির ভোটে ভারতের বন্ধু বলে পরিচিত প্রাক্তন প্রধানমন্ত্রী শেরিং তোবগের দল পিডিপি বিপুল ভোটে জয়ী হল। মলদ্বীপের মতো এই ভোটেও বেজিংপন্থী দলকে জেতানোর জন্য চিন সচেষ্ট ছিল।

■ গান স্যালুটে শেষ বিদায় উস্তাদ রাশিদ খানকে। রয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। বুধবার, রবীন্দ্র সদনে। —পিন্টু প্রধান

## লোকসভায় ফের ঘাটালেই প্রার্থী হওয়ার জল্পনা

# দেব আমাদের দলের সম্পদ, বললেন মমতা

**স্টাফ রিপোর্টার :** দেব ‘দলের সম্পদ’। বুধবার কালীঘাটে নিজের অফিসে দলীয় বৈঠকে দেবকে পাশে নিয়েই একথা বললেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যার জেরে ঘাটালে আরও একবার দেবের প্রার্থী হওয়ার জল্পনা উস্‌কে গেল। দেবও নিজের বক্তব্য রাখতে গিয়ে বিশেষ কিছু না বলে স্রেফ জানিয়ে দিলেন, ‘‘দল যা নির্দেশ দেবে, আমি তা পালন করব।’’ কালীঘাটে এদিন পশ্চিম মেদিনীপুরের দলীয় সংগঠন নিয়ে বৈঠক ডেকেছিলেন তৃণমূলনেত্রী। রাজ্য সভাপতি সুব্রত বক্সি, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সঙ্গে নিয়েই শুরু হয় বৈঠক। আরেক পাশে জেলা নেতৃত্বের সঙ্গে মমতা ডেকে নিয়েছিলেন দেবকেও। বৈঠকের শুরুতেই এই ছবি দেখে চর্চা শুরু হয়ে যায়। শেষে দেবের প্রসঙ্গে বলতে গিয়ে মমতা ঘাটাল সাংগঠনিক জেলা নেতৃত্বের উদ্দেশে প্রশ্ন করেন, ‘‘তোরা কী করছিস? তোদের জন্য দেব দাঁড়াতে চাইছে না। কেন এমন হবে?’’ সূত্রের খবর, এর পরই মমতা বলে দেন, ‘‘দেব ভাল ছেলে। ও বড় শিল্পী। দেব আমাদের দলের সম্পদ।’’ দলের সিনিয়র নেতৃত্বের বক্তব্য, নেত্রীর এইটুকু বার্তাতেই স্পষ্ট যে তিনি দেবকে আবার ঘাটালে দাঁড় করাতে চান। এর আগে ভাইফোঁটার সময় দেব নেত্রীর সঙ্গে দেখা করেছিলেন। তখনও এ নিয়ে একদফা আলোচনা হয়েছিল বলে সূত্রের খবর। তবে দলের একটি অংশ থেকে দাবি করা হয়েছিল, দেব ছবির কাজে অনেকটা ব্যস্ত হয়ে পড়ায় হয়তো এবার আর প্রার্থী হতে চাইবেন না। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় প্রথম থেকেই দেবকে ঘাটালে প্রার্থী হিসেবে চাইছিলেন। শেষে দেবকে তাঁর পক্ষে কিছু বলতে বললে নেত্রীর বক্তব্যের পর দেব আর বিশেষ কিছু বলতে চাননি। শুধু বুঝিয়ে দেন, নেত্রী যা চাইবেন, তাই তিনি করবেন।

কালীঘাটে দলীয় বৈঠকে দেব। বুধবার। —প্রতিদিন চিত্র

## শাহজাহান কাণ্ড নিয়ে হাই কোর্টে কেন্দ্রীয় এজেন্সি

# তদন্তে অসহযোগী ইডি, বয়ান না পেয়েই ফিরলেন ডিএসপি

**স্টাফ রিপোর্টার :** সন্দেশখালি-কাণ্ডে অভিযোগকারী ইডি কর্তার বয়ান নিতে গিয়ে খালি হাতে ফেরত আসতে হল পুলিশকর্তাদের। উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকদের উপর হামলার ঘটনায় অভিযোগকারী ইডি কর্তার বয়ান গ্রহণ করতে বুধবার সিজিও কমপ্লেক্সের দপ্তরে যান বসিরহাট পুলিশ জেলার ডিএসপি সানন্দা গোস্বামী। বনগাঁয় প্রাক্তন পুরপ্রধান শঙ্কর আঢ্যর বাড়িতে তল্লাশির পর ইডির উপর হামলার ঘটনায়ও পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছিল ইডি। এদিন বনগাঁ পুলিশ জেলার ডিএসপি দীপেন্দ্র তামাংও অভিযোগকারী ইডি আধিকারিকের বয়ান নিতে যান ইডির দপ্তরে। কিন্তু ইডির তরফে ওই পুলিশকর্তাদের জানানো হয় যে, ইডি আধিকারিকরা এদিন ব্যস্ত রয়েছেন। তাই তাঁরা বয়ান দেননি। তাই দুই পুলিশকর্তাকেই কার্যত খালি হাতে ফিরতে হয়। এদিকে, সন্দেশখালিতে তল্লাশি অভিযানে গিয়ে হামলার মুখে পড়ে এবার হাই কোর্টের দ্বারস্থ হয়েছে ইডি।

গত শুক্রবার রেশন বণ্টন দুর্নীতির তদন্তে সন্দেশখালির সরবেড়িয়ায় জেলা পরিষদের কর্মাধ্যক্ষ শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চালাতে যায় ইডির টিম। এলাকার বাসিন্দাদের হাতে আক্রান্ত হয়ে আহত হন তিন ইডির কর্তা। এই ব্যাপারে ইডির এক ডেপুটি ডিরেক্টর পদমর্যাদার আধিকারিক বসিরহাট পুলিশ জেলায় মেল করে হামলাকারীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। তারই ভিত্তিতে বসিরহাটের ন্যাজাট থানায় মামলা শুরু করে পুলিশ। ইডি আধিকারিকদের বিরুদ্ধেও পাল্টা দু’টি মামলা দায়ের হয়। এদিন সকালে ইডির করা অভিযোগের ভিত্তিতেই মামলার প্রাথমিক পর্যায়ের তদন্ত করতেই সল্টলেকে সিজিও কমপ্লেক্সে যান বসিরহাট পুলিশ জেলার ডিএসপি সানন্দা গোস্বামী। বয়ান রেকর্ডের জন্য তাঁদের সঙ্গে ছিল ক্যামেরাও। ইডির দপ্তর থেকে বেরিয়ে ওই পুলিশকর্তা বলেন, ‘‘আমরা বয়ান নিতে এসেছিলাম। কিন্তু অভিযোগকারী ডেপুটি ডিরেক্টর বয়ান দিতে পারেননি। আমরা তিনবার নোটিস পাঠিয়েছি। দ্বিতীয়বারের জন্য চেষ্টা সত্ত্বেও ফলপ্রসূ হয়নি।

পাঁচের পাতায়

বসিরহাটের ডিএসপি সানন্দা গোস্বামী

# আলোচনায় নিয়োগ জট খুলুক, চায় আদালত

**স্টাফ রিপোর্টার:** নিয়োগ মামলার জটিল জট খুলতে এবার মামলাকারী ও রাজ্য সরকারকে আলোচনায় বসার পরামর্শ দিলেন হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহা। সেক্ষেত্রে দীর্ঘদিন ধরে যাঁরা রাস্তায় বসে আন্দোলন করছেন, তাঁদের নিয়োগের বন্দোবস্ত করাই আলোচনার মূল বিষয়বস্তু হবে বলেও জানিয়েছেন তিনি। আগামী ৬ ফেব্রুয়ারি এই মামলার পরবর্তী শুনানির দিন ওই দ্বিপাক্ষিক আলোচনায় উঠে আসা প্রস্তাব জানানোর নির্দেশ দিয়েছে আদালত। এদিকে মামলারই অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণ ভদ্রর হয়ে সওয়াল করার জন্য রাজ্যের মুখ্য আইনি উপদেষ্টা তথা অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত আগামিদিনে তাঁর এজলাসে প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় রাজ্যের হয়ে আর সওয়াল করতে পারবেন না বলেও এদিন জানিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। তাঁর পরিবর্তে রাজ্যের তরফে অন্য আইনজীবী সওয়াল করবেন।

বুধবার প্রাথমিকে নিয়োগ সংক্রান্ত রমেশ মালিক ও সৌমেন নন্দীর আনা দুটি মামলার শুনানি ছিল বিচারপতি অমৃতা সিনহার এজলাসে। বিচারপতি এই নিয়োগ জটিলতার সমস্যার সমাধান সম্পর্কে জানতে চান। রাজ্যের কৌঁসুলি শীর্ষণ্য বন্দ্যোপাধ্যায় বলেন, “পদ শূন্য না হলে কেউ নতুন করে নিয়োগ হতে পারবেন না।

নয়ের পাতায়

# রামমন্দির: আমন্ত্রণ ফেরালেন সোনিয়ারা

**স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি :** লোকসভা নির্বাচনের আগে অসম্পূর্ণ মন্দির উদ্বোধন করে রাজনীতি করা হচ্ছে। এই কারণে রামমন্দিরের প্রাণপ্রতিষ্ঠায় অংশগ্রহণ করছে না কংগ্রেস। বুধবার এক প্রেস বিবৃতির মাধ্যমে সুপ্রিম কোর্টের নির্দেশ ও রাম অনুরাগীদের ভক্তিকে সম্মান জানিয়ে কংগ্রেস জানিয়ে দিল ‘আরএসএস ও বিজেপির ইভেন্ট’-এ থাকবেন না কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, সংসদীয় দলের চেয়ারপার্সন সোনিয়া গান্ধী ও লোকসভার দলনেতা অধীররঞ্জন চৌধুরি। যার তীব্র নিন্দা করেছে বিজেপি। কেন্দ্রের শাসকদলের তরফে বলা হয়েছে, যাঁরা ভগবান শ্রীরামকে বয়কট করলেন, দেশের জনগণ তাঁদেরই বয়কট করবে।

২২ জানুয়ারি রামমন্দির উদ্বোধনের অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছিল পদাধিকারবলে কংগ্রেসের তিন শীর্ষ নেতাকে। তাঁরা সেই অনুষ্ঠানে যাবেন কি না, সেই নিয়ে আগ্রহ ছিল তুঙ্গে। কংগ্রেস নেতা জয়রাম রমেশ এক বিবৃতির মাধ্যমে দলের সিদ্ধান্ত প্রকাশ্যে আনেন। সেখানে বাংলার মুখ্যমন্ত্রীর সুরে ধর্মকে ব্যক্তিগত বিষয় হিসাবে উল্লেখ করে বলা হয়েছে, ‘দেশের বহু মানুষ রামের উপাসনা করেন। কিন্তু বিজেপি আর আরএসএস দীর্ঘদিন ধরেই রামমন্দিরের প্রতিষ্ঠাকে

নয়ের পাতায়